

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬-১৭

তারিখঃ ১৮ পৌষ ১৪২৬ ব.
০২ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৫/২/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশ এবং সিপিএলএ নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলার ১০/১২/২০১৮ তারিখের নির্দেশনা অনুযায়ী যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসার প্রভাষক (আরবী) ও বর্তমানে অধ্যক্ষ জনাব মুহা: জাকারিয়া হোসেন- এর বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রাপ্তির দাবীতে প্রেরিত কনটেম্পট নোটিশের উপর কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

- সূত্রঃ (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬ -২৩৪, তারিখ: ২৯/০৪/২০১৯ খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬ -৪৪৫, তারিখ: ০২/০৯/২০১৯ খ্রি.
(৩) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৭৬.১৯-২৮৮, তারিখ: ১৭/০৯/২০১৯ খ্রি.
(৪) জনাব মুহাম্মদ জাকারিয়া এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব আবুল কালাম মাইনুদ্দীন কর্তৃক প্রেরিত কনটেম্পট নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসা'র প্রভাষক (আরবী) ও বর্তমানে অধ্যক্ষ জনাব মুহা: জাকারিয়া হোসেন কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলার ০৫/২/২০১৮ তারিখের রায়/আদেশ এবং উক্ত আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএলএ নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলার ১০/১২/২০১৮ তারিখের নির্দেশনা অনুযায়ী বিষয়টি নিষ্পত্তি করে পিটিশনার এর বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) এপ্রিল/২০১৯ হতে চালুকরণসহ নভেম্বর/২০১৬ হতে বর্তমান পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য টিএমডি হতে গত ২৯/৪/২০১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে মহোদয় বরার পত্র প্রেরণ করা হয়।

২। উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্য না পাওয়ায় গত ০১/৯/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে পুনরায় ২য় তাগিদ পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ডিএমই হতে ১৭/৯/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে টিএমইডি-এর উক্ত পত্রের নির্দেশনা প্রতিপালনের নিমিত্ত ডিএমই হতে ডিএমই এর পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে পত্র প্রেরণ করা হয়।

৩। তথাপি রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৫/২/২০১৮ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা অনুযায়ী বকেয়া বেতন-ভাতাদি নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধের দাবীতে পিটিশনার জনাব মুহা: জাকারিয়া হোসেন কর্তৃক বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে সচিব, টিএমইডি বরার সূত্রোক্ত (৪) নম্বর ক্রমিকে উল্লিখিত কনটেম্পট নোটিশ প্রেরণ করা হয়েছে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে টিএমডি হতে গত ২৯/৪/২০১৯ তারিখে প্রেরিত সূত্রোক্ত (১) ও ০১/০৯/২০১৯ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকে প্রেরিত পত্র এবং তৎপ্রেক্ষিতে ডিএমই হতে ১৭/৯/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে প্রেরিত পত্রের নির্দেশনা বাস্তবায়ন করা হয়েছে কিনা জানা আবশ্যিক।


৫। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং- ৮৭৫০/২০১৬ মামলার ০৫/০২/২০১৮ তারিখের রায়/আদেশ (আপীল নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলাগুলো ১০/১২/২০১৮ তারিখের আদেশে খারিজ হয়ে যাওয়ায়) অনুযায়ী যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসা'র প্রভাষক (আরবী) জনাব মুহা: জাকারিয়া হোসেন- ইনভেস্ট নং-৩৬৩১২৪ (সহকারী অধ্যাপক ও বর্তমানে প্রতিষ্ঠানের অধ্যক্ষ)-এর অনুকূলে বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) এপ্রিল/২০১৯ হতে চালুকরণসহ নভেম্বর/২০১৬ হতে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধের নিমিত্ত টিএমইডি হতে সূত্রোক্ত (১) ও (২) নং স্মারকে প্রেরিত পত্র এবং তৎপ্রেক্ষিতে ডিএমই হতে সূত্রোক্ত (৩) নং স্মারকে জারীকৃত পত্রের নির্দেশনা বাস্তবায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) টিএমইডিকে অবহিত করা। সে সাথে বারবার অনুরোধ সত্ত্বেও টিএমইডি এর নির্দেশনা বাস্তবায়ন না করার কারণ ব্যাখ্যা করা;

(খ) রিট পিটিশন নং- ৮৭৫০/২০১৬ মামলার ০৫/০২/২০১৮ তারিখের রায়/আদেশ বাস্তবায়নের নিমিত্ত টিএমইডি কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়টি Legal notice প্রদানকারী বিজ্ঞ কৌশলীকে অবহিত করা;

৬। এমতাবস্থায়, উল্লিখিত চাহিত তথ্যাদি আগামি ১২/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: কনটেম্পট নোটিশের ফটোকপি-০৫ প্রস্থ।


(মো: আ: খালেদ মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।